



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৪ ফাল্গুন ১৪০৮/১৬ ফেব্রুয়ারি ২০০২

এস. আর. ও ২৯-আইন/২০০২।—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৪। ক্ষতিকর ধোয়া সৃষ্টিকারী ও স্বাস্থ্যহানিকর যানবাহন।—(১) পেট্রোল, ডিজেল ও গ্যাসচালিত যানবাহনের মালিক Motor Vehicles Ordinance, 1983 (LV of 1983) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর অধীন যানবাহন নিবন্ধন বা উহার উপযুক্ততা সনদ (Certificate of Fitness) নবায়নের পূর্বে ক্যাটালাইটিক কনভার্টার বা, ক্ষেত্রমত, ডিজেল পার্টিকুলেট ফিল্টার সংযোজন করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি সংযোজন ব্যতীত এবং তফসিল ৬ বা, ক্ষেত্রমত, ৭-এ উল্লিখিত মানমাত্রা অতিক্রমকারী যানবাহন পরিবেশের জন্য ক্ষতিকর ধোয়া সৃষ্টিকারী বা স্বাস্থ্য হানিকর যানবাহন বলিয়া গণ্য হইবে।”।

(খ) বিধি ৭ এর পর নিম্নরূপ নূতন বিধি ৭ক এবং ৭খ সন্নিবেশিত হইবে, যথা :—

“৭ক। দূষণ নিয়ন্ত্রণাধীন সনদ প্রদান পদ্ধতি।—বিধি ৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত যন্ত্রপাতি সংযোজনের পর উক্ত Ordinance এর অধীন যানবাহন নিবন্ধনের পূর্বে অথবা, ক্ষেত্রমত, উপযুক্ততা সনদ নবায়নের পূর্বে যানবাহনের মালিক ফরম ৪ মোতাবেক “দূষণ নিয়ন্ত্রণাধীন সনদ” সংগ্রহ করিবে।

৭খ। ক্যাটালাইটিক কনভার্টার ও ডিজেল পার্টিকুলেট ফিল্টার আমদানী, ইত্যাদির শর্ত।—ক্যাটালাইটিক কনভার্টার বা ডিজেল পার্টিকুলেট ফিল্টার আমদানী এবং বাজারজাত করিবার পূর্বে আমদানীকারক প্রদর্শনীর মাধ্যমে উহার কার্যকরতা প্রমাণসাপেক্ষে মহ-পরিচালকের নিকট হইতে লিখিত অনুমোদন গ্রহণ করিবে।”।

( ৬২১ )

মূল্য : টাকা ১'০০

(গ) ফরম ৩ এর পর নিম্নরূপ নূতন ফরম ৪ সংযোজিত হইবে, যথা ঃ—

“ফরম ৪

(বিধি ৭ক দ্রষ্টব্য)

দূষণ নিয়ন্ত্রণাধীন সনদ

(Pollution Under Control Certificate)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব.....  
ঠিকানা..... এর যানবাহন নং ..... এর সর্বোচ্চ  
ঘূর্ণন বেগের দুই-তৃতীয়াংশ বেগে নিঃসরিত গ্যাসীয় পদার্থের পরিমাপকৃত মান নিম্নরূপ, যথা ঃ—

| স্থিতিমাপ              | একক                                 | মানমাত্রা | পরিমাপকৃত মান |
|------------------------|-------------------------------------|-----------|---------------|
| কালোরোধীয়া            | হার্টরিজ স্মোক ইউনিট<br>(এইচ এস ইউ) | ৬৫        |               |
| কার্বন মনোক্সাইড       | গ্রাম/কিঃমিঃ<br>শতকরা আয়তনে        | ২৪<br>০৪  |               |
| হাইড্রোক্যার্বন        | গ্রাম/কিঃমিঃ<br>পিপিএম              | ০২<br>১৮০ |               |
| নাইট্রোজেন অক্সাইডসমূহ | গ্রাম/কিঃমিঃ<br>পিপিএম              | ০২<br>৬০০ |               |

(২) এই পরিমাপকৃত মান পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এর তফসিল ৬-এ বর্ণিত মানমাত্রার উর্ধ্বে নহে।

(৩) এই সনদের মেয়াদ .....তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

তারিখ ঃ

মহা-পরিচালক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

সীল

পরিবেশ অধিদপ্তর।”।

(ঘ) এই প্রজ্ঞাপন ২৮শে ফেব্রুয়ারী, ২০০২ ইং তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাবিহ উদ্দিন আহমেদ

সচিব।

মোঃ সারোয়ারুলজামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।